দৈনিক ইত্তেফাক
তারিখ ... ১১ ২০০২
পৃষ্ঠা ১৬ কলাম ২

# ছাত্রদলের কমিটি নিয়ে মিশ্র প্রতিক্রিয়া

ইত্তেফাক রিপোর্ট ॥ দীর্ঘদিন পর ছাত্রদলের কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক কমিটি গঠনের পর সংগঠনের নেতা-কর্মীদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। কেন্দ্রীয় কমিটির অর্ধেকেরই বেশী অছাত্র এবং নিয়মিত ছাত্র নয়। কমিটির ১০ জন নেতা বিবাহিত। কমিটির অনেকেই ছাত্রদলের রাজনীতি করার পাশাপাশি কন্ট্রাক্টরী, ব্যবসা-বাণিজ্যে জড়িত রয়েছে। ছাত্রদলের কমিটি নিয়ে সংগঠনের নেতা-কর্মীদের আশা ছিল, দীর্ঘদিন পর কমিটি হচ্ছে তাই বয়স্ক, অছাত্র, বিবাহিত এবং ব্যবসা-বাণিজ্যকারীরা বাদ পড়বে। কমিটি গঠনের পর সংগঠনের নেতা-কর্মীদের অভিমত,

(১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## ছাত্রদলের কমিটি

(শেষ পৃষ্ঠার পর)

অছাত্র বিবাহিতরা বাদ পড়েনি বরং বাদ পড়েছে যারা সংগঠনের দুর্দিনে কাজ করেছে। তবে কমিটি গঠনের ব্যাপারে এ ধরনের অভিযোগ অস্বীকার করেছেন ছাত্রদলের নতুন কমিটির আহ্বায়ক সাহাবউদ্দিন লাল্টু। গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পদবঞ্চিতরা কয়েকবার মহড়া দিয়েছে।

খোঁজ নিয়ে জানা যায়, কেন্দ্রীয় কমিটির ৪ জন আহ্বায়ক এবং যুগ্ম আহ্বায়কের মধ্যে ৩ জনই বিবাহিত এবং কেউই নিয়মিত ছাত্র নয়। বিবাহিত ৩ জনেরই কয়েকটি করে ছেলে-মেয়েও রয়েছে। এছাড়া কমিটিতে সুযোগ পাওয়া ছাত্রী কর্মীদের সকলেই বিবাহিত এবং অছাত্র। সদস্যদের মধ্যে দু'এক জন ছাড়া সকলেই অছাত্র। কয়েকজনের অবশ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে ডিপ্লোমাতে ভর্তি হওয়া রয়েছে। দীর্ঘদিন দলে সক্রিয়ভাবে কাজ করার পরও কোন পদ পায়নি এমন কয়েকজনের মধ্যে রয়েছে ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাবেক সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন, আবদুল কুদ্দুস, মোস্তফা খান সফরী, হারুনুর রশীদ শিশির, মাযহারুল ইসলাম বাবু, মোসাব্বের টিটু, বেনজির টিটো, রেজা পাহলবি মাসুম, 'ফরহাদ, রোখসানা খানম মিতুয়া,' জাভেদ হাসান, মাসুদ রানা, মিশু, আসাদুজ্জামান পলাশ, রিক্তা, আজম প্রমুখ। বিশেষ করে মোস্তাফিজুল ইসলাম মামুন কমিটিতে সুযোগ না পাওয়ায় সংগঠনের অনেক নেতা-কর্মীরা বিস্মিত হয়েছেন। বিশ্ববিদ্যালয় কমিটিতে সুযোগ পেয়েছেন এমন একজন সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রই নয়। আরেকজন সদস্য আহসান উদ্দীন খান ছাত্রদল থেকে পূর্বে বহিষ্কার হয়েছেন। তার বহিষ্কারাদেশ এখনও প্রত্যাহার হয়নি। বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম আহ্বায়ক পদে এসেছেন সাঈদ ইকবাল টিটো। অনেকের তুলনায় জুনিয়র হওয়ার পরও টিটোর এই পদ পাওয়ায় নেতা-কর্মীদের মধ্যে বিভিন্ন প্রশ্নের সৃষ্টি হয়েছে। এছাড়া টিটোর ছাত্রত্ব নেই বলে অনেকে জানিয়েছে। কেন্দ্রীয় এবং বিশ্ববিদ্যালয় কমিটিতে বরিশাল এলাকার নেতা-কর্মীদের প্রাধান্য রয়েছে। ছাত্রদলের কমিটি নিয়ে বিভিন্ন অভিযোগ প্রসঙ্গে সাহাবউদ্দিন লাল্টু বলেছেন, কোন অছাত্রকে কমিটিতে রাখা হয়নি। ছাত্র এবং ছাত্রত্ব ধারণ করে এমন সকলকেই কমিটিতে রাখা হয়েছে। গতকাল মোস্তাফিজুল ইসলাম মামুনের নেতৃত্বাধীন ছাত্রদলের একটি গ্রুপ ক্যাম্পাসে কয়েকবার মহড়া দেয়। মামুন ক্যাম্পাসে না আসলেও বিকেলে শহীদ জিয়ার মাজারে তাকে দেখা যায়। এ সময় তিনি সাংবাদিকদের বলেন, 'জীবনে যা করেছি ছাত্রদলের জন্যই করেছি। দল চায়নি তাই